# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ১৬৯

## আরবি মূল আয়াত:

لَكُنَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿١٦٩﴾

## অনুবাদসমূহ:

তাহলে অবশ্যই আমরা আল্লাহর মনোনীত বান্দা হতাম’। — আল-বায়ান

তাহলে আমরা অবশ্যই আল্লাহর একনিষ্ঠ বান্দাহ হতাম। — তাইসিরুল

তাহলে অবশ্যই আমরা আল্লাহর একনিষ্ঠ বান্দা হতাম’’। — মুজিবুর রহমান

We would have been the chosen servants of Allah." — Sahih International

১৬৯. আমরা অবশ্যই আল্লাহর একনিষ্ঠ বান্দা হতাম।

-

তাফসীরে জাকারিয়া

(১৬৯) তাহলে আমরা অবশ্যই আল্লাহর বিশুদ্ধ-চিত্ত দাস হতাম।’[1]

[1] এখানে ذِكر -এর অর্থ হল, আল্লাহর কোন গ্রন্থ বা পয়গম্বর। অর্থাৎ কাফেররা কুরআন অবতীর্ণ হওয়ার পূর্বে বলত যে, আমাদের নিকটেও যদি কোন আসমানী কিতাব অবতীর্ণ হত, যেমন পূর্বের মানুষদের প্রতি তাওরাত ইত্যাদি অবতীর্ণ হয়েছে অথবা কোন পথপ্রদর্শক ও সতর্ককারী আসত, তবে আমরাও আল্লাহর খাস বান্দা হয়ে যেতাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন